



ISO 9001:2015 Certified

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোস্ট কোড নং-৬৭০০



সরাসরি-০৭৫১-৬২৮৪৫

E-Mail-sirajganjpbs2@gmail.com

Web : pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০২১.২৬.৩০৬৯

তারিখঃ- ১৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ


“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ০১ (এক) জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলিঃ


- ০১। প্রার্থীকে যে কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে। যে কোন বিষয়ে বিশেষজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশনধারী হতে হবে (সনদের ফটোকপি জমা দিতে হবে)।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। তবে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে যে কোন পক্ষ হতে এই নিয়োগ বাতিল করতে পারবে।
- ০৪। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৫। পবিস এর আওতাভুক্ত এলাকার সরকারি ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন, কেবল তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৬। নির্বাচিত প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই) ঘণ্টা করে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে অবস্থান করে কর্মকর্তা/কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের বিনামূল্যে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করতে হবে। আলোচনার মাধ্যমে দিনক্ষণ স্থির করা যেতে পারে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৭। অফিসে চিকিৎসা সেবা প্রদানের জন্য সপ্তাহের নির্ধারিত দিন ব্যতীত অন্যান্য দিন কোন কারণে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের চিকিৎসার প্রয়োজন হলে ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান এবং পবিসের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা বিল প্রত্যয়ন করতে হবে। প্রয়োজন হলে কর্মকর্তা/ কর্মচারীদের শারীরিক সক্ষমতা সংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে। এর জন্য কোন পৃথক ফি বা ভিজিট প্রদান করা হবে না।
- ০৮। নির্বাচিত প্রার্থীকে আলোচনা সাপেক্ষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৯। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ১০। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
উপর্যুক্ত শর্তাবলী পালনে সক্ষম বর্ণিত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) (খ) পিতা ও মাতার নাম (গ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঘ) জন্ম তারিখ (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে দরখাস্ত আগামী ১৭/০৯/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। দরখাস্তের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(প্রকৌশলী মোহাম্মদ হারুন-অর-রশীদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-সদয় অবগতি ও প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
- ০৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
- ০৮। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ০৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ১০। সুপারিনটেন্ডেন্ট, সদর হাসপাতাল, সিরাজগঞ্জ।
- ১১। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ১২। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরি)/বেলকুচি/কাজিপুর জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
- ১৩। এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/পিপুলবাড়িয়া/তামাই সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
- ১৪। এজিএম (প্রশাসন/অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম-সদর/ইএন্ডসি/এইচ.আর), সিরাজগঞ্জ পবিস-২।
- ১৫। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২। (পবিস এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৬। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
- ১৭। অফিস/মাস্টার কপি।


(প্রকৌশলী মোহাম্মদ হারুন-অর-রশীদ)
জেনারেল ম্যানেজার